শিক্ষক নিয়োগের শর্তাবলী

ক্র. নং	পদের নাম গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল ২০২৬ অনুযায়ী)	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	সহযোগী অধ্যাপক (গ্রেড-৪) বেতন স্কেল: ১০০০০০-১৪২৪০০/-	-	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০-এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। গ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে, তবে ইংরেজি বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে। ঘ) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বছরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বছরসহ মোট ন্যূনতম ০৯ (নয়) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বছরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ছ) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়)টি প্রকাশনা থাকতে হবে। তন্মধ্যে, সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে। উল্লেখ্য যে, মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হতে হবে। জ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।
০২	সহকারী অধ্যাপক (গ্রেড-৬) বেতন স্কেল: ৭১০০০-১৩৪০০০/-	-	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০-এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। গ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে, তবে ইংরেজি বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। সনাতন পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে। ঘ) স্নাতকোত্তর/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০৩ (তিন) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ঙ) এমফিল/সমমান ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০২ (দুই) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। চ) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে প্রভাষক হিসাবে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বছরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। ছ) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৩ (তিন)টি প্রকাশনা থাকতে হবে; যার মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক)টি প্রকাশনা থাকতে হবে। জ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।
০৩	প্রভাষক (গ্রেড-৯) বেতন স্কেল: ৪৪০০০-১০৫৯০০/-	অনূর্ধ্ব ৩২ বছর	ক) স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বছর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। খ) এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা জিপিএ ৫.০০-এর মধ্যে জিপিএ ন্যূনতম ৪.৫০ থাকতে হবে। গ) স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০- এর মধ্যে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ থাকতে হবে, তবে ইংরেজি বিভাগের ক্ষেত্রে স্নাতক ও স্নাতকোত্তর যে কোন একটিতে সিজিপিএ ন্যূনতম ৩.৫০ এবং অন্যটিতে সিজিপিএ ন্যূনতম ৩.২৫ থাকতে হবে। ঘ) শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।

শর্তাবলী :

১) আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট পদের জন্য ৮ (আট) সেট আবেদন পত্র আগামী ৩০/১১/২০২৬ ইং তারিখের মধ্যে (অফিস চলাকালীন সময়ে) রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়, বাইপাস সড়ক, বরুনকান্দি মোড়, নওগাঁ-৬৫০০ ঠিকানায় সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে।

২) আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজ পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি (খ) অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের ফটোকপি (গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ কপি রঙ্গিন ছবি (ঘ) জীবন বৃত্তান্ত (ঙ) জাতীয় পরিচয়পত্র (চ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ওয়ার্ড কাউন্সিলর প্রদত্ত নাগরিক সনদপত্র।

৩) আবেদনপত্রের সাথে রেজিস্ট্রার, নওগাঁ বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে জনতা ব্যাংক পিএলসি'র যেকোনো শাখা থেকে সকল পদের জন্য ৬০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) অবশ্যই সংযুক্ত করতে হবে।

৪) আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপ্রাপ্ত হতে হবে, অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

৫) অনলাইন ও দূরশিক্ষণের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।

৬) চাকুরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৭) প্রত্যেক প্রার্থীকে খামের উপরে পদের নাম এবং খামের বাম পাশে নিজ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

৮) প্রার্থীদের নিজ ঠিকানা সম্বলিত ২২/- (বাইশ) টাকার ডাক টিকিটসহ একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

৯) ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১০) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বাতিল বা সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

১১) আবেদনপত্র গ্রহণ, বাছাই এবং নিয়োগের ক্ষেত্রে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২) নিয়োগ পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

স্বা./-
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নওগাঁ বিশ্ববিদ্যালয়।